



Tests, Measurements and Evaluation in Physical Education

Unit-I : Introduction

১.১ অভীক্ষা কাকে বলে? (What is test)

অভীক্ষা হল সুবিন্যাস্ত প্রশ্নাবলী বা পরিমাপকারী বিষয়বস্তুর সমন্বয়ে গঠিত একটি প্রশ্নালী, যার মাধ্যমে জ্ঞান এর ধারণ ক্ষমতা বা শারীরিক সক্ষমতা ও কৌশল এর পরিমাপ করা যায়।

পরিমাপ কি? (What is Measurement)

পরিমাপ হলো মূল্যায়ন প্রক্রিয়ার সহায়ক বস্তু যা কতকগুলি যন্ত্র এবং কৌশল এর সমন্বয়ে গঠিত এবং এর দ্বারা ব্যক্তির ধারণক্ষমতা সক্ষমতা ও কৌশলের সাংখ্যিক মান সংগ্রহ করা হয়।

মূল্যায়ন কি? (What is Evaluation)

হানার মতে- "বিদ্যালয়ের মাধ্যমে অগ্রগতি হওয়ায় সমস্ত শিক্ষার্থীর আচরণে পরিবর্তিত প্রমাণাদি সংগ্রহ ও ব্যাখ্যা করার প্রক্রিয়াটিকে মূল্যায়ন বলা হয়"।

মুফফাত বলেছেন - "মূল্যায়ন একটি ধারাবাহিক প্রক্রিয়া এবং শিক্ষার্থীদের আনুষ্ঠানিক একাডেমিক কৃতিত্বের চেয়ে উদ্ভিন্ন। এটি তার অনুভূতি, চিন্তাভাবনা এবং ক্রিয়াকলাপগুলির আচরণগত পরিবর্তনমূলক সম্পর্কের ক্ষেত্রে ব্যক্তির বিকাশে ব্যাখ্যা করা হয়"।

গুডস সংজ্ঞায়িত করেছেন - "মূল্যায়ন হল নির্দিষ্ট মূল্যায়নের দ্বারা মূল্য বা কোনকিছু বিচার করার প্রক্রিয়া"

১.২ ভালো অভীক্ষার লক্ষণ গুলি কি কি? (Criteria of a good Test)

ক) ব্যবহারিক লক্ষণ (Practical Criteria)

i) উদ্দেশ্য (Purpasiveness)

আদর্শ অভীক্ষার সর্বপ্রথম বিশেষত্ব হলো, অভীক্ষার সঠিক একটি উদ্দেশ্য নির্ধারিত থাকবে। অর্থাৎ আদর্শ অভীক্ষার নির্মাণ তখনই সম্ভব হবে যখন নির্মাণ কর্তা সামনে কোন উদ্দেশ্য, লক্ষ্য বা সমস্যা অবশ্যই থাকবে শারীরিক সক্ষমতার অভীক্ষা রচনা করতে গেলে সর্বদাই উদ্দেশ্য থাকে কিভাবে তার উপাদান গুলি মাপা যায়।

ii) ব্যাপকতা (Comprehensiveness)

আদর্শ অভীক্ষার দ্বিতীয় বিশেষত্ব হলো ব্যাপকতা। এর অর্থ হল অভীক্ষাতে সেইসব পদ বা উপাদান স্থান পাবে যেগুলি অভীক্ষা সম্পর্কিত ক্ষেত্রের সমস্ত দিক গুলি পরিমাপ করতে পারবে। অন্যভাবে বলা যেতে পারে যে, অভীক্ষাটির প্রয়োগ এমন হওয়া উচিত যেন অভীক্ষাটি নিজের লক্ষ্য পূরণ করতে পারে। উদাহরণস্বরূপ বলা যেতে পারে গতি সঞ্চালন ক্ষমতা পরিমাপের অভীক্ষা রচনা করতে হলে তার উপাদান বা ব্যাটারি এমনভাবে নিতে হবে যাতে গতি সঞ্চালন ক্ষমতার উপাদানগুলি একইসাথে মাপা যায়।

iii) মিতব্যয়িতা (Economical)



মিতব্যয়িতা আদর্শ অভীক্ষার একটি মুখ্য আবশ্যিক লক্ষণ। আজকের কর্মব্যস্ত বৈজ্ঞানিক এবং উদ্যোগ মূলক যুগে মিতব্যয়ী হওয়া আমাদের জীবনে অত্যন্ত আবশ্যিক বিষয়। এই আবশ্যিকতা আমাদের জীবনের প্রতিটি ক্ষেত্রে আজ সমানভাবে প্রযোজ্য। তারই জন্যে এমন একটি আদর্শ শারীর শিক্ষা তথা অভীক্ষার প্রয়োজন যা সর্বতোভাবে মিতব্যয়ী হবে। অর্থাৎ স্বল্প ব্যয়ে এবং পরিশ্রমের সামাজিক চাহিদা অনুযায়ী ব্যক্তির যোগ্যতা পরিমাপ করা সম্ভব হবে সুতরাং সময় অর্থব্যক্তির চাহিদা ও যোগ্যতার পরিপেক্ষিতে অভীক্ষার নির্মাণকার্য সাধন করা উচিত।

iv) সুগমতা (Easiness)

আদর্শ অভীক্ষার অন্য এক বিশেষত্ব হলো; অভীক্ষাটি প্রয়োগ ফলাফল প্রাপ্তি এবং বিশ্লেষণের দিক দিয়ে যেন সর্বদা সুগম হয়। অর্থাৎ অভীক্ষার দ্বারা সহজে একটি বিশেষ গুণ বা সক্ষমতার পরিমাপ করা যাবে। এর প্রয়োগের দ্বারা কোন কঠিন বিষয় বিশ্লেষণ সহজ হবে এবং পরিস্থিতি অনুযায়ী একে প্রয়োগ করা যাবে। অভীক্ষা প্রয়োগ সংক্রান্ত নির্দেশ স্পষ্ট এবং সর্গক্ষিপ্ত হওয়া চাই যাতে অভীক্ষারথিরা ওই নির্দেশ সহজে বুঝতে পারে। অভীক্ষার ভাষা যেন কোনভাবেই তাদের কাছে দুর্বোধ্য না হয়। অভীক্ষার প্রয়োগের ক্ষেত্রে এবং অভীক্ষারথীদের প্রদর্শন করার ক্ষেত্রে অভীক্ষাটি যত সুগম হবে তত তার মূল্যায়ন সরলতা ও দক্ষতার সাথে করা যাবে।

v) সর্বজনগ্রাহ্যতা (Acceptability)

এটি আদর্শ অভীক্ষার অপর একটি গুরুত্বপূর্ণ লক্ষণ বা বিশেষত্ব। অভীক্ষাটি এমন হবে যে সমস্ত ব্যক্তিবর্গ যেকোনো পরিস্থিতিতে যেন এটি ব্যবহার করতে পারবে। অপরদিকে যাদের জন্যে অভীক্ষাটি কার্যকরী তাদের জন্যেই যেন সর্বদা অভীক্ষা টি ব্যবহার করা হয়। যেমন- AAPHER Youth Fitness Test শুধুমাত্র তরুণদের জন্যে সর্বজনগ্রাহ্য। এটি কখনোই ছোট বাচ্চাদের জন্যে ব্যবহার যোগ্য নয়।

vi) প্রতিনিধিমূলক (Representativeness)

একটি আদর্শ অভীক্ষা তার ব্যবহারিক বিশেষত্বের দিক দিয়ে এমন হবে যে, ব্যক্তির আচরণ, গুণ, কৌশল বা সক্ষমতা যে বিষয়ে ওই অভীক্ষা পরিমাপ করবে সেইসব বিষয়ের মূল্যায়নের জন্যে পরিমাপ যন্ত্রের প্রতিনিধিরূপে অভীক্ষা ব্যবহার করা যাবে উদাহরণ স্বরূপ বলা যায় শক্তির পরিমাপের অভীক্ষা হিসাবে আমরা pull up test, sit up test, push up test ব্যবহার করে থাকি অর্থাৎ এগুলি হল সমটান শক্তি পরিমাপক অভীক্ষার প্রতিনিধি স্বরূপ।